# আওয়ামী লীগের পথেই বর্তমান সরকার হাঁটছে: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

গত ৫ আগস্টের পর জনগণ ফ্যাসিবাদের অবসান হয়েছে বলে মনে করেছিল। কিন্তু গত ১৫ বছর ফ্যাসিস্ট আওয়ামী লীগ যে পথে হেঁটেছে, বর্তমান সরকারও একই পথে হাঁটছে বলে অভিযোগ করেছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

রোববার (২৩ আগস্ট) দুপুরে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে সীরাতুন্নবী উপলক্ষে আয়োজিত এক সেমিনারে বক্তব্য দিতে গিয়ে তিনি এ অভিযোগ করেন।

জামায়াত আমির বলেন, ৫ আগস্টের পর মানুষ আশা করেছিল ফ্যাসিবাদ বিদায় নিয়েছে এবং দেশে নতুন রাজনৈতিক পরিবেশ তৈরি হবে। কিন্তু বর্তমান সরকারের কর্মকাণ্ডে সেই প্রত্যাশা পূরণ হচ্ছে না। তাঁর অভিযোগ, দীর্ঘ ১৫ বছর আওয়ামী লীগ যে ধরনের পথে দেশ পরিচালনা করেছে, বর্তমান সরকারও এখন একই পথে এগোচ্ছে।

ফ্যাসিবাদ প্রতিষ্ঠার চেষ্টা থেকে সরে না এলে জনগণ আওয়ামী লীগের মতোই তাদেরও বিতাড়িত করবে বলে সতর্ক করেন জামায়াত আমির। তিনি বলেন, দেশের মানুষ কোনোভাবেই ফ্যাসিবাদ কায়েমের চেষ্টা মেনে নেবে না।

LENS ASIA

জুলাই জাদুঘরের বিভিন্ন উপাদান সরিয়ে ফেলার অভিযোগও করেন শফিকুর রহমান। তাঁর দাবি, একটি বিশেষ রাষ্ট্রকে খুশি করার জন্য জুলাই জাদুঘরের অনেক উপাদান গায়েব করে দেওয়া হয়েছে।

বিরোধীদলীয় নেতা আরও অভিযোগ করেন, একটি রাজনৈতিক দল ছাড়া অন্য সব দলের ইতিহাসও গায়েব করে দেওয়ার চেষ্টা করা হয়েছে। দেশের রাজনৈতিক ইতিহাস সংরক্ষণ ও উপস্থাপনের ক্ষেত্রে এমন পদক্ষেপের সমালোচনা করেন তিনি।